

এইচ এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন

একাদশ শ্রেণি

বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান—১০০

ক - বিভাগ

(যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও)

১. উৎপাদনের ধারণা ব্যাখ্যা কর। এর গুরুত্ব আলোচনা কর। ৩ + ৭ = ১০
২. উৎপাদনশীলতা কাকে বলে? এর গুরুত্ব আলোচনা কর। ৩ + ৭ = ১০
৩. ভূমির সংজ্ঞা দাও। উৎপাদনের উপাদান হিসেবে ভূমির গুরুত্ব আলোচনা কর। ৩ + ৭ = ১০
৪. শ্রম বিভাগ কী? শ্রম বিভাগের সুবিধাগুলো আলোচনা কর। ৩ + ৭ = ১০
৫. চিত্রসহকারে মূলধন গঠনের পর্যায়গুলো আলোচনা কর। ১০
৬. বৃহদায়তন এন্টারপ্রাইজের সংজ্ঞা দাও। বৃহদায়তন এন্টারপ্রাইজের গুরুত্ব আলোচনা কর। ৩ + ৭ = ১০
৭. উৎপাদনের কাম্যমাত্রা কী? উৎপাদনের কাম্যমাত্রার সুবিধাগুলোর বর্ণনা দাও। ৩ + ৭ = ১০
৮. জাতীয় আয় পরিমাপের পদ্ধতিগুলো আলোচনা কর। ১০
৯. মোট দেশজ উৎপাদন কী? ২০১৬-১৭ অর্থবছরে একটা দেশের অভ্যন্তরে নিয়োজিত জনশক্তির মোট উৎপাদন ৬৫,০০০ কোটি টাকা এবং বিদেশে কর্মরত দেশীয় জনশক্তির উৎপাদন বা আয় ১০,০০০ কোটি টাকা। উক্ত বছরে দেশটির মূলধনী সম্পত্তিজনিত অবচয় ব্যয় ছিল ৫,০০০ কোটি টাকা। মোট দেশজ উৎপাদন ও নীট দেশজ উৎপাদনের পরিমাণ নির্ণয় কর। ৩ + ৭ = ১০

খ - বিভাগ

(যে কোন ৮টি প্রশ্নের উত্তর দাও)

১০. উৎপাদন ও উৎপাদনশীলতার পার্থক্য দেখাও। ০৫
১১. উপযোগ কাকে বলে? ০৫
১২. 'শ্রম গতিশীল' কথাটির ব্যাখ্যা কর। ০৫
১৩. সংগঠনের ৫টি বৈশিষ্ট্য লিখ। ০৫
১৪. উৎপাদনের উপকরণ কয়টি ও কী কী? ০৫
১৫. উৎপাদনের উপকরণ হিসেবে সংগঠনের ধারণা ব্যাখ্যা কর। ০৫
১৬. মিতব্যয়ী মাত্রা ধারণা কাকে বলে? ০৫
১৭. ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ বলতে কী বুঝ? ০৫
১৮. ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজের ৫টি সুবিধা লিখ। ০৫
১৯. জাতীয় আয় কাকে বলে? ০৫
২০. কিভাবে নীট দেশজ উৎপাদন পরিমাপ করা যায়? ০৫
২১. মোট জাতীয় উৎপাদন ও মোট দেশজ উৎপাদনের ৫টি পার্থক্য দেখাও। ০৫